

চবিতে অবরোধ যেন এক ছেলেখেলা-ডাক দিলেই সফল

চবি সংবাদদাতা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবরোধ এখন ছেলেখেলায় পরিণত হয়েছে। যে কোন ছাত্রসংগঠন ইচ্ছা করলেই সাধারণ কারণে অবরোধের ডাক দিচ্ছে এবং বিশ্ববিদ্যালয়ের অবস্থানগত কারণে তা সফলও হচ্ছে। ছাত্র শিবির, ছাত্রদল এবং ছাত্রলীগের ডাকা অবরোধের কারণে চলতি বছরের গত ৩ মাসে অধিকাংশ সময় বিশ্ববিদ্যালয় বন্ধ ছিল। বর্তমানে শিবিরের ডাকা অবরোধে বিশ্ববিদ্যালয় অচল রয়েছে। গতকাল শুক্রবার এ অচলাবস্থা নিয়ে সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়েছে। সেখানে শিবিরের অবরোধের বিষয়টি এজেন্ডাতুক্ত রয়েছে। তবে বিকালে এ রিপোর্ট লেখা পর্যন্ত সভা শেষ না হওয়ায় এর ফল জানা যায়নি। ছাত্র শিবির জানিয়েছে, সিন্ডিকেটের সিদ্ধান্তের পর শিবির, নিজেদের মধ্যে আলোচনা শেষে অবরোধ প্রত্যাহারের বিষয়টি বিবেচনা করবে।

শহর থেকে ২২ কিলোমিটার দূরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ম্যাসিয়ামে ছাত্রছাত্রীরা ক্যান্টিনে প্রবেশ করে থাকে। বিশ্ববিদ্যালয় থেকে শহরে আসা এবং প্রবেশের জন্য মাত্র দুটি গেট (১নং ও ২নং) রয়েছে বিশ্ববিদ্যালয়ে। এছাড়া রয়েছে শাটলট্রেন। ছাত্র সংগঠনগুলো যখনই অবরোধের ডাক দেয় তখন শাটলট্রেন চলাচলে বাধা দেয় এবং বিশ্ববিদ্যালয়ের ১নং গেট অবরোধ করে রাখে। ফলে স্বাভাবিকভাবেই বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম বন্ধ হয়ে যায়। সাধারণ ছাত্রছাত্রীদের কোন স্বার্থের কথা চিন্তা না করে ছাত্র সংগঠনগুলো নিজেদের স্বার্থে অবরোধের ডাক দিয়ে থাকে।